

# আমাদের মন্ত্র

## সরকারি মাধ্যমিকে ভর্তির লটারি অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

১২ জানুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ১২ জানুয়ারি ২০২১ ০০:২২

## আমাদের মন্ত্র

দেশের ৩৯০টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ২০২১ শিক্ষাবর্ষের প্রথম থেকে নবম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থী ভর্তির লটারি অনুষ্ঠিত হয়েছে। গতকাল বিকালে রাজধানীর আন্তর্জাতিক মাত্রাবাসা ইনসিটিউট মিলনায়তনে অনলাইনে লটারি ড্রয়ের মাধ্যমে শিক্ষার্থী বাছাই করা হয়। লটারির ফল প্রকাশ করা হয়েছে যঃঃঃঃ://মৎখ.ঃব্রহ্মবঃখৰশ.পড়স.নফ ওয়েবসাইটে। শিক্ষার্থীরা ভর্তির আবেদন করার সময়ের আইডি দিয়ে ফল জানতে পাবেন।

অনুষ্ঠানের ভর্তুয়াল উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী দীপু মনি। যুক্ত ছিলেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. মাহবুব হোসেন, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক সৈয়দ মো গোলাম ফারুক প্রমুখ।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেন, করোনার কারণে স্কুলগুলোয় যেহেতু বার্ষিক পরীক্ষা নেওয়া সন্তুষ্ট হয়নি, সেহেতু সরকারিভাবে আমরা এ বছর লটারির মাধ্যমে প্রথম শ্রেণি থেকে নবম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থী ভর্তির সিদ্ধান্ত নিয়েছি। এ প্রক্রিয়ায় বেসরকারি স্কুলগুলো এবং সম্প্রতি জাতীয়করণকৃত অনেক স্কুল স্থানীয়ভাবে শিক্ষা মন্ত্রণালয়ের ভর্তি নীতিমালা অনুসরণ করে ভর্তির কাজ লটারির মাধ্যমে সম্পন্ন করছে।

এ ডিজিটাল লটারির সার্বিক কারিগরি সহায়তার কাজ করেছে টেলিটেক বাংলাদেশ এবং টেলিটেকের সফটওয়্যারের যথার্থতা যাচাই করেছে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল। শিক্ষামন্ত্রীর অনুমতিক্রমে ডিজিটাল লটারি উদ্বোধন করতে কম্পিউটার মাউসে ক্লিক করেন আজিমপুর সরকারি গার্লস স্কুলের ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থী রাদিয়া আনন্দ তানহা।

অনুষ্ঠানে জানানো হয়, সারাদেশে ৩৯০টি সরকারি স্কুলে মোট আসন ৭৭ হাজার ১৪০টি শূন্য আসনের বিপরীতে ভর্তির জন্য ৫ লাখ ৭৪ হাজার ৯২৯ শিক্ষার্থী আবেদন করেছে। প্রথমে ৭৭ হাজার ১৪০ শিক্ষার্থী বাছাই করা হয়। এরপর ফের লটারির মাধ্যমে আসনের সমসংখ্যক অপেক্ষমাণ তালিকা করা হয়।

ভারপ্রাণ সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : [news@dainikamadershomoy.com](mailto:news@dainikamadershomoy.com), [editor@dainikamadershomoy.com](mailto:editor@dainikamadershomoy.com)

নতুন ধারা ও টেলিক  
**আমাদের মায়**

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

Privacy Policy